গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাদাঘাট সরকারি ডিগ্রি কলেজ
Badaghat Government Degree College
তাহিরপুর, সুনামগঞ্জ । স্থাপিতঃ ১৯৯৪ খ্রিঃ
কলেজ কোডঃ ২৬৫১, ইন নংঃ ১৩০০৭৭, জাতীয় বিশ্ববিদ্যালয় কোডঃ ১৯১২
মোবাঃ ০১৩০৯১৩০০৭৭, ওয়েবঃ www.bagadc.edu.bd, ইমেইলঃ bdcollege1994@gmail.com



তারিখ : ২৬/১১/২০২৬ খ্রি.

একাদশ শ্রেণির উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি;-

এতদ্বারা বাদাঘাট সরকারি ডিগ্রি কলেজের ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, সমন্বিত কর্মসূচির আওতায় সকল ছাত্রী এবং মেধাবী দরিদ্র ছাত্রদের নিকট হতে উপবৃত্তির আবেদন গ্রহণ করা হচ্ছে। শিক্ষার্থীরা কলেজ ওয়েবসাইট (https://www.bagc.edu.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করে (এই নোটিশ এর সংঙ্গে সংযুক্ত) নিম্নোক্ত কাগজপত্রাদি অফিস চলাকালীন সময়ে আগামী ০১/১২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত তারিখের পর কোন উপবৃত্তি আবেদন ফরম নেওয়া হবে না।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে বর্তমানে দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত (মেয়ে) উপবৃত্তি পায়নি তারাও উপবৃত্তির জন্য আবেদন করতে পারবে।

আবেদন ফরমের সাথে সংযুক্ত কাগজ পত্রাদি:

০১। শিক্ষার্থীর ১৭ ডিজিটের অনলাইন জন্ম সনদের ফটোকপি - ০১টি।
০২। এসএসসি পাসের মূল নম্বরপত্র ও রেজিঃ কার্ডের ফটোকপি ১টি করে।
০৩। শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি - ০১টি করে
০৪। শিক্ষার্থীদের পিতা ও মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০১টি।

শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল একাউন্ট হিসাব সংক্রান্ত তথ্য:

০৫ । জেনারেল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

০৬। পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

চলামানপাতা : ০২

০৭। এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।

০৭। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে।

০৮। পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি ২ কপি।

০৯। মুক্তিযোদ্ধা সন্তান/পোষ্যদের ক্ষেত্রে যথাযথ প্রমানপত্রের ফটোকপি ১টি।

১০। প্রতিবন্ধি শিক্ষার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অফিস কর্তৃক প্রত্যয়নপত্র ১টি।

১১। আবেদনকারী জুলাইযোদ্ধা হলে (প্রমানপত্র দিতে হবে)।

মোঃ ফরিদ উদ্দিন আক্তার
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বাদাঘাট সরকারি ডিগ্রি কলেজ
তাহিরপুর, সুনামগঞ্জ।